

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৬৩

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪) বিনা কারণে আযানের পর মসজিদ থেকে বের হওয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من الخروج من المسجد بعد الأذان لغير عذر

আরবী

(صحيح لغيره) وروي عَنْ عُتْمَانَ بْنِ عَفَّانَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ أَدْرَكَهُ الْأَذَانُ فِي الْمَسْجِدِ ثُمَّ خَرَجَ لَمْ يَخْرُجْ لِحَاجَةٍ وَهُوَ لَا يُرِيدُ الرَّجْعَةَ فَهُوَ مُنَافِقٌ. رواه ابن ماجه

বাংলা

২৬৩. (সহীহ্ লি গাইরিহী) উছমান (রাঃ) থেকে বর্ণিত হয়েছে। তিনি বলেনঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, ''মসজিদের মধ্যে থাকাবস্থায় যে ব্যাক্তি আযান পেল, অতঃপর বিনা প্রয়োজনে মসজিদ থেকে বের হল, কিন্তু সে ফিরে আসার নিয়ত করল না, তবে সে মুনাফিক।''[1]

(হাদীছটি বর্ণনা করেছেন ইবনু মাজাহ ৭৩৪)

ফটনোট

[1] . অর্থাৎ তার এই কর্ম মুনাফেকী কর্ম। কেননা প্রকৃত ঈমানদার এরকম কাজ করতে পারে না। অতএব আযানের পর বিনা দরকারে মসজিদ থেকে বের হয়ে ফেরত না আসা কর্মগত মুনাফেকী। বিশ্বাসগত মুনাফেকী নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন